



**ফরিদ কবির**  
**ঘুণপোকা**

খেতে পারে ঘুণপোকা- তার দাঁতে গুঁড়ো হয়ে যায়  
সকল রহস্য

দেখো, গর্ভ থেকে তার জন্ম নিচ্ছে মৃত চাঁদ  
আর, তার ডানা থেকে বরছে অবিরাম রাতবৃষ্টি  
যেন সবকিছু ভেসে যাবে ঘুণের দাপটে

যদিও তুমিই আজ পেয়ে গেছো ঘুণের স্বভাব  
তোমার জিভের নিচে চূর্ণ হয়ে যাচ্ছে ভাসমান নৌকাগুলি  
ঘুণের সকল খাদ্য তোমার দখলে

বলি আজ শোনো- ঘুণপোকারাই অধিক মানুষ  
তাদের দাঁতের নিচে নিরাপদে নিদ্রা যায় অপর ঘুণেরা।

ঘাস

তোমার নিজস্ব কিছু নেই, এমনকি  
সামান্য সবুজও

ঘাসের রয়েছে দেখো- আদিগন্ত হাওয়া  
মানুষের জন্য তারা অন্নজান সঞ্চয়ে রাখছে  
আর তুমি; তার কাছ থেকে  
ঋণ করো নিজের বয়স

তবে মানো আজ  
এই বনে ঘাসেরাই প্রকৃত শাসক  
আকাশ-পাতাল আজ পূর্ণ হোক তাদের শাসনে

ঘাসেরা কল্ক গর্ব, কেননা তাদের আছে দুর্দান্ত সবুজ